



পূর্ণ সম্ভাবনায় বাংলাদেশের ব্যাংকিং খাতের বিকাশে বিশ্বব্যাংকের সহায়তা

বাংলাদেশের ব্যাংকিং খাতের বিকাশে শক্তিশালী ও কার্যকর নিয়ন্ত্রণ ও তত্ত্বাবধান প্রক্রিয়া গড়ে তোলার জন্য একটি সরকারি উদ্যোগের কাজ এগিয়ে চলেছে। বিশ্বব্যাংক 'কেন্দ্রীয় ব্যাংক শক্তিশালীকরণ প্রকল্প' তথা সিবিএসপি'তে সহায়তা করে যাচ্ছে যাতে করে বাংলাদেশ ব্যাংক দেশের আর্থিক কর্তৃপক্ষ, ব্যাংকসমূহের নিয়ন্ত্রক ও তত্ত্বাবধায়ক হিসেবে তার ভূমিকা যথাযথভাবে পালন করতে পারে।

সিবিএসপি'র আওতায় বিশ্বব্যাংক বাংলাদেশ ব্যাংককে তিনটি ক্ষেত্রে সহায়তা করছে: (১) আইনগত কাঠামো শক্তিশালীকরণ; (২) বাংলাদেশ ব্যাংকের পুনর্গঠন ও আধুনিকায়ন - এতে গুরুত্ব আরোপ করা হয়েছে (ক) প্রায়োগিক পুনর্গঠন, (খ) অটোমেশন, ও (গ) মানব সম্পদ উন্নয়ন; এবং (৩) বাংলাদেশ ব্যাংকের কর্মক্ষমতা বিনির্মাণ - এতে গুরুত্ব দেওয়া হয়েছে (ক) গবেষণা বিভাগ শক্তিশালী করা, (খ) সতর্কতা আইন ও ব্যাংকের তত্ত্বাবধান জোরদার করা, এবং (গ) হিসাবরক্ষণ ও নিরীক্ষণ পদ্ধতি জোরদার করা।

এই প্রকল্প শুরু হয় ২০০৩ সালে এবং সে সময় বিশ্বব্যাংক মোট প্রাক্কলিত ব্যয় ৪৬.১৩ মিলিয়ন মার্কিন ডলারের মধ্যে ৩৭ মিলিয়ন মার্কিন ডলার প্রদানের অঙ্গীকার করে। এই প্রকল্পের অধীনে সম্প্রতি মেধা-ভিত্তিক পদোন্নতির নীতি অনুসৃত হয়েছে, এবং কেন্দ্রীয় ব্যাংক কর্তৃক আন্তর্জাতিক মানের হিসাবরক্ষণ ও নিরীক্ষণ মান প্রবর্তিত হয়েছে। এছাড়া অন্যান্য বিষয়ের মধ্যে কর্পোরেট গভর্নেন্স, হিসাবরক্ষণ নীতি, মূলধনের পর্যাপ্ততা, ঋণের শ্রেণীবিন্যাস ও সংস্থান, বৈদেশিক মুদ্রা ও সুদের হার বিষয়ক ঝুঁকি ইত্যাকার বিষয়ে নিয়মকানুন পর্যালোচনা করে আইনি ব্যবস্থা ও তদারকি জোরদার করাও হয়েছে।

মানব সম্পদ সংস্কারের বিষয়ে উন্নতি ক্রমশ এগিয়ে চলেছে। সবচাইতে উল্লেখযোগ্য উন্নতি হচ্ছে 'সফলতা ব্যবস্থাপনা পদ্ধতি' এর বাস্তবায়ন। বাংলাদেশ ব্যাংকের বেতন ও অন্যান্য সুবিধাদির প্যাকেজ সরকারি কর্মচারীদের প্যাকেজ থেকে পৃথক করার একটি প্রস্তাব বর্তমানে সরকারের সক্রিয় বিবেচনায় রয়েছে।

সরকার বাংলাদেশ ব্যাংকের অটোমেশন ব্যবস্থার বাস্তবায়ন এবং এই প্রকল্পের সবচাইতে বড় উপকরণ তথ্যপ্রযুক্তির সরঞ্জাম সংগ্রহের কাজও ত্বরান্বিত করছে।

এক পৃথক ব্যবস্থায় বিশ্বব্যাংক ইন্সটিটিউট বাংলাদেশ ব্যাংককে একটি পলিসি এনালাইসিস ইউনিট প্রতিষ্ঠায়ও সহায়তা করেছে। উদ্দেশ্য, অর্থবিষয়ক নীতি ও কেন্দ্রীয় ব্যাংকিং ব্যবস্থাসহ সামষ্টিক অর্থনীতির সকল ক্ষেত্রে গবেষণায় অগ্রণী হওয়া।

মার্চ ২০০৭

যোগাযোগ:

রেজওয়ান-উল-আলম (+৮৮০২) ৮১৫৯০০১ এক্সটেনশন ৪২৪২, ইমেইল: salam3@worldbank.org

বাংলাদেশে বিশ্বব্যাংকের কর্মকাণ্ড সম্পর্কে আরও তথ্যের জন্য দেখুন www.worldbank.org.bd অথবা

www.worldbank.org